

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১৬, ২০২৬

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
প্রজ্ঞাপন

তারিখ: ০২ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ/ ১৫ ফেব্রুয়ারি, ২০২৬খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৪৯-আইন/২০২৬।—জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ আইন, ২০০০ (২০০০ সনের ২৭ নং আইন) এর ধারা ২৬ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সরকারের পূর্বনুমোদনক্রমে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(ক) ক্রমিক নং ৩৬ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪, ও ৫ এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ও এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

৩৬।	অফিস সহকারী কাম-ডাটা-এন্ড্রি অপারেটর	৩২ বৎসর	মোট পদের শতকরা— (ক) ২৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) ৭৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে: (ক) ডেসপাচ রাইডার পদে অনূন ৮ (আট) বৎসরের চাকুরী; অথবা (খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে অনূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের Grade Point Average-এ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বার্তা বাহক বা অফিস সহায়ক পদে অনূন ১০ (দশ) বৎসরের চাকুরী; এবং
-----	--	------------	---	--

(১২৮৯৯)

মূল্য : টাকা ৪.০০

				<p>(গ) তফসিল-খ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</p> <p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের Grade Point Average-এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং</p> <p>(খ) তফসিল ক ও খ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
--	--	--	--	---

(খ) তফসিল এর পর নিম্নরূপ নূতন তফসিল-ক ও তফসিল-খ সংযোজিত হইবে, যথা:—

“তফসিল-ক

[তফসিল এর ক্রমিক নং ৩৬ দ্রষ্টব্য]

অফিস সহকারী-কাম-ডাটা এন্ট্রি অপারেটর পদে সরাসরি নিয়োগ প্রার্থীগণের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি

পরীক্ষার নাম	পরীক্ষার বিষয়	বিষয়ভিত্তিক নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
(১)	(২)	(৩)	(৪)	(৫)
লিখিত পরীক্ষা	বাংলা	২০	৫০%	১ ঘন্টা
	ইংরেজি	২০		
	গণিত	২০		
	সাধারণ জ্ঞান/পদ সংশ্লিষ্ট বিষয়	৩০		
মৌখিক পরীক্ষা		১০	৫০%	
সর্বমোট নম্বর		১০০		

ব্যাখ্যা।—লিখিত পরীক্ষায় ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

তফসিল-খ

[তফসিল এর ক্রমিক নং ৩৬ দ্রষ্টব্য]

অফিস সহকারী-কাম-ডাটা এন্ট্রি অপারেটর পদে, ক্ষেত্রমত, সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার বিষয়, সময়, গতি, নম্বর, ইত্যাদি

পরীক্ষার বিষয়	পরীক্ষার সময়	সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	মোট নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	গড় পাস নম্বর
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
ইংরেজি	১০ মিনিট	২০ শব্দ	৫০	৪০%	৫০%
বাংলা	১০ মিনিট	২০ শব্দ	৫০	৪০%	

- ব্যাখ্যা।—১। বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;
- ২। ৫ (পাঁচ) শতাংশের অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে; এবং
- ৩। সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০ (চল্লিশ) শতাংশ হিসাবে গণ্য করা হইবে।”।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আদেশক্রমে

আলমগীর হুসাইন

সদস্য (প্রশাসন ও অর্থ)

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।